







প্রথম নজর

পাকিস্তানে স্বতন্ত্র প্রার্থীর কার্যালয়ে বিস্ফোরণ, নিহত ২০



আপনজন ডেস্ক: নির্বাচনের মাত্র একদিন আগেই পাকিস্তানের বেলুচিস্তান প্রদেশের পিশিনে স্বতন্ত্র এক প্রার্থীর কার্যালয়ের বাইরে বোমা বিস্ফোরণের অন্তত ২০ জন নিহত হয়েছেন। এ ঘটনায় আহত হয়েছেন ৪০ জনের বেশি।

পাকিস্তানের নির্বাচন কমিশন (ইসিপি) ইতোমধ্যে এ ঘটনার বিস্তারিত প্রতিবেদন চেয়ে বেলুচিস্তানের শীর্ষ সচিব এবং পুলিশের মহাপরিদর্শককে (আইজিপি) তলব করলে। আগামীকাল বুধবার সকাল থেকে পাকিস্তানজুড়ে শুরু হবে ১৬তম পাল্লার নির্বাচনের ভোটগ্রহণ।

হেলিকপ্টার বিধ্বস্ত হয়ে চিলির সাবেক প্রেসিডেন্ট নিহত



আপনজন ডেস্ক: হেলিকপ্টার বিধ্বস্ত হয়ে দক্ষিণ আমেরিকার দেশ চিলির সাবেক প্রেসিডেন্ট সেবাস্তিয়ান পিনেরা নিহত হয়েছেন। তিনি দুই মেয়াদে দেশটির প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব পালন করেছিলেন। একইসঙ্গে একজন বিলিয়নায়ার ব্যবসায়ীও নিহত হয়েছেন।

নিবেদন করেছেন। তিনি বলেছেন, "আমরা সবাই চিলি এবং আমাদের এটিই স্বপ্ন দেখা উচিত। সেই স্বপ্ন মনে আঁকুন এবং একসাথে বাস্তবায়ন করা উচিত। সেবাস্তিয়ান পিনেরা যখন ২০১৮ সালের ১১ মার্চ দ্বিতীয় মেয়াদে প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব গ্রহণ করেন তখন এই কথাই বলেছিলেন।

ফিলিস্তিনকে স্বীকৃতি ছাড়া ইসরায়েলের সঙ্গে কূটনৈতিক সম্পর্ক নয়: সৌদি আরব



আপনজন ডেস্ক: স্বাধীন রাষ্ট্র হিসেবে ফিলিস্তিনকে স্বীকৃতি না দেওয়া পর্যন্ত ইসরায়েলের সঙ্গে কোনও কূটনৈতিক সম্পর্ক স্থাপন করা হবে না বলে যুক্তরাষ্ট্রকে সাক্ষাৎ জানিয়ে দিয়েছে সৌদি আরব।

সৌদি আরবের সৌদি পররাষ্ট্র মন্ত্রণালয়ের দেওয়া এক বিবৃতিতে এ তথ্য জানানো হয়। গণমাধ্যমের প্রতিবেদনে বলা হয়, ১৯৬৭ সালের সীমানা অনুযায়ী পূর্ব জেরুজালেমের সীমান্তে একটি স্বাধীন ফিলিস্তিন রাষ্ট্রকে স্বীকৃতি না দেওয়া পর্যন্ত এবং গাজা

উপত্যকায় ইসরায়েলি আগ্রাসন বন্ধ না হওয়া পর্যন্ত ইসরায়েলের সাথে কোনও কূটনৈতিক সম্পর্ক স্থাপন করা হবে না বলে যুক্তরাষ্ট্রকে সাক্ষাৎ জানিয়ে দিয়েছে সৌদি আরব।

গাজার যুদ্ধবিরতির সিদ্ধান্ত হামাসের হাতে: যুক্তরাষ্ট্র



আপনজন ডেস্ক: গাজার যুদ্ধবিরতি নিয়ে মিশর-কাতারে আলোচনায় জোর দিয়েছেন মার্কিন পররাষ্ট্রমন্ত্রী অ্যান্টনি ব্লিনকেন। মঙ্গলবার তিনি মিশর ও কাতার সফর করেন।

আগেই যুদ্ধবিরতি হবে। গাজার প্রায় অর্ধেক ফিলিস্তিনি বর্তমানে মিশর সীমান্তবর্তী অঞ্চল রাফাহ তে আশ্রয় নিয়েছেন।

ইসরায়েলকে সহায়তা প্রদানের প্রস্তাব বাতিল মার্কিন পার্লামেন্টে



আপনজন ডেস্ক: ইসরায়েলকে সহায়তা বিলকে প্রত্যাখ্যান করে ভোট দিয়েছেন মার্কিন আইন প্রণেতারা। মঙ্গলবারের ওই বিলটিতে ইসরায়েলের জন্য ১৭.৬ বিলিয়ন ডলারের সামরিক সহায়তার প্রস্তাব ছিল।

উপেক্ষা করার উপলক্ষ, যেখানে ইউক্রেনের জন্য ৬০ বিলিয়ন ডলার এবং যুক্তরাষ্ট্রের সীমান্ত নিরাপত্তার জন্য ২০ বিলিয়ন ডলার তহবিল সরবরাহ করার প্রস্তাব করা হয়েছিল।

ছড়িয়ে-ছিটিয়ে

রাশিয়া ও ইউক্রেন যুদ্ধ: কৌশল বদলাচ্ছে ইউরোপ?



আপনজন ডেস্ক: দুই বছর ধরে ইউক্রেনে অভিযান চালাচ্ছে রাশিয়া। ইউরোপ এবং পশ্চিমা দেশগুলো ইউক্রেনকে সার্বিকভাবে সাহায্য করলেও রাশিয়াকে সম্পূর্ণভাবে পরাস্ত করা যায়নি।

রাখাইনে বিদ্রোহীদের কাছে আত্মসমর্পণ করল সেনাসহ ৫০০ জন



আপনজন ডেস্ক: মিয়ানমারের বিদ্রোহী দল আরাকান আর্মির সঙ্গে সংঘর্ষে সেনাবাহিনী ও তাদের পরিবারের অন্তত ৫০০ জন সদস্য আত্মসমর্পণ করেছেন।

এই ব্যাটালিয়নটিও নিজেদের নিয়ন্ত্রণে নেয় বিদ্রোহীরা। তিনি আরো জানিয়েছেন, মঙ্গলবার চারটি গাড়িতে করে প্রায় ১০০ যুদ্ধবন্দী ও তাদের পরিবারের সদস্যদের নিয়ে যায় আরাকান আর্মির কাছে পালিয়ে গিয়ে মিনবায়ার তিনটি ব্যাটালিয়নের সবগুলোর নিয়ন্ত্রণ নিয়েছে বিদ্রোহীরা।

সেহেরী ও ইফতারের সময়





Table with 3 columns: Day, Start Time, End Time. Rows for 1st, 2nd, 3rd, 4th, 5th, 6th, 7th, 8th, 9th, 10th, 11th, 12th days of Ramadan.

ইউক্রেনে রুশ বিমান হামলায় ৫ জনের মৃত্যু




আপনজন ডেস্ক: ইউক্রেনের শহরগুলোতে স্থানীয় সময় বুধবার সকালে রুশ ক্ষেপণাস্ত্র ও ড্রোন হামলায় অন্তত পাঁচজন নিহত এবং আরো ডজনখানেক আহত হয়েছেন।

১৩ বছর পর সিরিয়ায় আমিরাতের রাষ্ট্রদূত



আপনজন ডেস্ক: সিরিয়ার প্রেসিডেন্ট বাশার আল আসাদ ১৩ বছরের মধ্যে প্রথমবারের মতো তার দেশে নিযুক্ত সংযুক্ত আরব আমিরাতের রাষ্ট্রদূতের পরিচয়পত্র গ্রহণ করেছেন।

লোহিত সাগরে ফের ক্ষেপণাস্ত্র হামলা ছুঁইছাদের



আপনজন ডেস্ক: মার্কিন যুক্তরাষ্ট্রসহ পশ্চিমাদের হুমকি পাতা না দিয়ে লোহিত সাগরে আবারো জাহাজ বিধ্বংসী ক্ষেপণাস্ত্র দিয়ে হামলা চালিয়েছে ইয়েমেনের হুথি বিদ্রোহীরা।

সোমালিয়ার রাজধানীতে বিস্ফোরণ, নিহত ১০



আপনজন ডেস্ক: সোমালিয়ার রাজধানী মোগাদিসুরে একটি জনপ্রিয় খোলা বাজারে বেশ কয়েকটি বিস্ফোরণের অন্তত ১০ জন নিহত হয়েছেন।









